



প্রকল্প পরিচালকের কার্যালয়
ইসলামিক ফাউন্ডেশন
মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম
প্রতিষ্ঠাতা : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।
আগারগাঁও শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.ifmoushik.gov.bd

‘নগ্ননা কপি’
তথ্য সহ সূর্যাস্ত হার্ড কপি (প্রাক/সফট কপি) ছাড়াও প্রেরণ করা হবে।
- হয়েছে।

স্মারক নং-১৬.০১.০০০০.০২৫.১৩.০৬৮.১৭.২৬৬(৬৪)
প্রকল্প দপ্তরের পত্রের স্মারক নং-১৬.০১.০০০০.০২৫.১৩.০৬৮.১৭.৯৬(৬৪) তারিখ- ১৭-০৭-২০১৯

তারিখ : ০৬/০৯/২০১৯

বিষয়ঃ ডাটা এন্ট্রি হার্ড কপি সংগ্রহ ও সফট কপি প্রস্তুতকরণ সংক্রান্ত পত্র।

উপর্যুক্ত বিষয়ে ও ইতোপূর্বে প্রেরিত বিভিন্ন পত্রের সূত্রের অনুবৃত্তিক্রমে বিশেষ দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বার্ষিক এডিপি পর্যালোচনা সভার সিদ্ধান্ত এবং পত্রসমূহের নির্দেশনা মোতাবেক ‘মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম ৬ষ্ঠ পর্যায় শীর্ষক’ উন্নয়ন প্রকল্পের প্রাক-প্রাথমিক, সহজ কুরআন শিক্ষা ও বয়স্ক শিক্ষার সকল কেন্দ্র, শিক্ষক, শিক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলের ডাটা (হার্ড কপি ও সফট কপি) ২০১৯ শিক্ষাবর্ষের ডাটা সংগ্রহ নিশ্চিত করতে হবে। শিক্ষাবর্ষ অনুযায়ী প্রাক-প্রাথমিক, সহজ কুরআন শিক্ষা ও বয়স্ক শিক্ষাকেন্দ্রের কেন্দ্র, শিক্ষক ও শিক্ষার্থীদের তথ্য অনলাইন ডাটাবেইজে ‘www.ifmoushik.gov.bd’ তথ্য হালনাগাদ করতে হবে।

২। আপনার বিভাগ/জেলায় কেন্দ্র বরাদ্দ দেয়া হয়েছেটি, যার মধ্যে ডাটা এন্ট্রি করা হয়েছে কেন্দ্র.....টি, শিক্ষক.....টি এবং শিক্ষার্থী.....টি।

৩। আগামী ৩০/০৯/২০১৯ তারিখের মধ্যে সকল শিক্ষার্থী,শিক্ষক ও কেন্দ্রের ডাটা এন্ট্রি ও হার্ড কপি সংগ্রহ নিশ্চিত করতে হবে। ডাটা এন্ট্রি করার সময় শিক্ষক ও শিক্ষার্থীদের আইডি এবং কেন্দ্র কোড নং ভুল করা বা ইচ্ছা মত প্রদান করা যাবে না।


৪। শিক্ষক নিজ দায়িত্বে মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম ওয়েবসাইট (www.ifmoushik.gov.bd) থেকে নিজস্ব কম্পিউটার, ল্যাপটপ অথবা মোবাইল ফোন/ট্যাব এর মাধ্যমে সরাসরি বিনা খরচে ডাটা এন্ট্রি করতে পারবেন। ফর্ম পূরণের ক্ষেত্রে কোন জটিলতা দেখা দিলে টেলিফোনঃ ০২-৮১৮১১৮৪ যোগাযোগ করতে পারেন অন্যথায় নিজ জেলার ফিল্ড অফিসার, ফিল্ড সুপারভাইজার এবং কম্পিউটার অপারেটরের এর সাহায্য নিতে পারেন।

৫। যে সকল কেন্দ্র শিক্ষক বিনা খরচে তথ্য ফর্ম পূরণ করতে অপারগ হবেন সেক্ষেত্রে শিক্ষক নিজ খরচে নিজ দায়িত্বে যেকোন উৎস থেকে প্রতি এন্ট্রিপেইজ/প্রতিটি হার্ড কপি ফর্মের জন্য ১০/-টাকা হারে অর্থাৎ প্রতিশিক্ষাবর্ষের প্রাক-প্রাথমিক কেন্দ্রের জন্য সর্বোচ্চ ৩২০/-টাকা, সহজ কুরআন শিক্ষা কেন্দ্রের জন্য সর্বোচ্চ ৩৭০/-টাকা, এবং বয়স্ক কেন্দ্রের জন্য সর্বোচ্চ ২৭০/- টাকা প্রদান/ব্যয় করতে পারবেন।

৬। প্রকল্পের কেন্দ্রীয় সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক ডাটা এন্ট্রি সংক্রান্ত কার্যক্রম মনিটরিং ও ফলোআপ করার জন্য স্ব স্ব জেলার অফিস প্রধান ফোকাল পয়েন্ট হিসাবে দায়িত্ব পালন করবেন।

৭। বিভাগ/জেলা পর্যায়ে হার্ডকপি জমা করার ক্ষেত্রে বরিশাল, কুমিল্লা, রাজশাহী ০১৭৪৮৬১৮৬০২ ও ০১৯৭০০৬৬৯৮ এবং সিলেট ও চট্টগ্রাম ০১৯২০২৮৪০৯৪ এবং ঢাকা, রংপুর ও ময়মনসিংহ ০১৯১১৭৩২০৭৩ এবং খুলনা ০১৯২২৭৫১৯৪৩ যোগাযোগ করে সকল হার্ড কপি কুরিয়ার/ডাকযোগে প্রেরণ নিশ্চিত করতে হবে। প্রেরিত হার্ড কপির আলোকে ডাটা এন্ট্রি সম্পন্ন জলে হার্ড কপি পুনরায় জেলাতে ফেরত যাবে। সেক্ষেত্রে সফট কপি প্রস্তুত হয়েছে কিনা তা নিশ্চিত হয়ে উক্ত মোবাইল নম্বরে যোগাযোগ করে প্রেরণ খরচ(কুরিয়ার/ডাক) কেটে রেখে ডাটা এন্ট্রির অর্থ প্রেরণ নিশ্চিত করতে হবে।

পরিচালক/উপ-পরিচালক
ইসলামিক ফাউন্ডেশন
.....বিভাগ/জেলা কার্যালয়।


(ফারুক আহমেদ)
প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব)
মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম
ফোনঃ ০২-৮১৮১৫৫৪
ই-মেইলঃ pdmbcmep@gmail.com

বিতরণ(জেষ্ঠতার ক্রমানুসারে নয়)- সদয় আবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ/সার্বিক সহযোগিতা প্রদানের জন্য প্রেরণ।

- ১। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২। পরিচালক/উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও বাজেট/কার্যক্রম) মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ইসলামিক ফাউন্ডেশন (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য)।
- ৪। প্রকল্প পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম।
- ৫। সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।